



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowr.gov.bd



স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৬.৯৯.০০৯.১৮.২১৭

তারিখ: ২০ আষাঢ় ১৪৩১

০৮ জুলাই ২০২৪

বিষয়: বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতাধীন ভূমি'র জেলা ভিত্তিক অধিগ্রহণকৃত ও লিজ সংক্রান্ত তথ্যাবলী সংরক্ষণ সংক্রান্ত।

সূত্র: বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের স্মারক নম্বর-৪২.০১.০০০০.২০৩.৭২.০০২.২৩-১০৩; তারিখ: ১৪ মে ২০২৪খ্রি।

উপর্যুক্ত বিষয়ে সুত্রোভূত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক প্রেরিত জোন ভিত্তিক সংশ্লিষ্ট জেলাসমূহের ছক মোতাবেক ভূমি সংক্রান্ত প্রেরিত খসড়া তথ্যাদি পর্যালোচনা করা হয়েছে। প্রেরিত তথ্যাদি পর্যালোচনাটে নিম্নবর্ণিত বিষয়সমূহ পরিলক্ষিত হয়:

- (ক) জেলা ভিত্তিক অধিগ্রহণকৃত জমির তথ্যের সঠিকতা যাচাই করা আবশ্যিক।
(খ) অধিগ্রহণকৃত জমি সঠিকভাবে বাগাউবোর নামে রেকর্ড হয়েছে কি না, না হয়ে থাকলে কতটুকু হয় নাই, কেন হয় নাই, এর প্রেক্ষিতে কি উদ্যোগ গ্রহণ করা হয়েছে ইত্যাদি তথ্য জানা প্রয়োজন।
(গ) সকল তথ্য সঠিকভাবে সংরক্ষণের জন্য একটি Database Software প্রয়োজন করতে হবে।
(ঘ) অবৈধদখলকৃত এবং যে সকল জমি পানি উন্নয়ন বোর্ডের নামে রেকর্ড হয় নি, সে সকল জমির বিষয়ে কি উদ্যোগ গ্রহণ করা হয়েছে সে বিষয়ে জেলাভিত্তিক প্রতিবেদন প্রদান করতে হবে।
(ঙ) উল্লিখিত বিষয়ে নিম্নবর্ণিত কমিটি সার্বিক কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করবে:

১.	অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড	আহবায়ক
২.	উপসচিব, উন্নয়ন-৩ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়	সদস্য
৩.	পরিচালক, ভূমি ও রাজস্ব, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড	সদস্য
৪.	উপ-পরিচালক, ভূমি ও রাজস্ব, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড	সদস্য
৫.	সিস্টেম এনালিস্ট, পানি সম্পদ মন্ত্রণালয়	সদস্য
৬.	সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড	সদস্য সচিব

এমতাবস্থায়, উপরিলিখিত বিষয়সমূহ সম্পাদনপূর্বক বাগাউবো কর্তৃক জেলা ভিত্তিক অধিগ্রহণকৃত ও লিজ সংক্রান্ত ভূমির স্বয়ংসম্পূর্ণ একটি তালিকা প্রস্তুতকৃত software এ আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৮-৭-২০২৪

নামসূচিতে আলম সাথী

উপসচিব

ফোন: ২২২৩৩৫৬৫০৮

ইমেইল: dev3@mowr.gov.bd

মহাপরিচালক

মহাপরিচালক-এর দপ্তর

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৬.৯৯.০০৯.১৮.২১৭/১(৯)

তারিখ: ২০ আগস্ট ১৪৩১
০৮ জুলাই ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) যুগ্মসচিব, উন্নয়ন-১ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
- ২) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
- ৩) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
- ৪) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
- ৫) সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
- ৬) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
- ৭) পরিচালক (ভূমি ও রাজস্ব), ভূমি ও রাজস্ব পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
- ৮) অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, উন্নয়ন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়
- ৯) যুগ্ম সচিব, উন্নয়ন-২ অধিশাখা এর ব্যক্তিগত কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়



৪-৭-২০২৪

নাসরিন আলম সাথী

উপসচিব